17

দৈনিক বাংলা

তারিখ ... 24 OCT 1996
পৃষ্ঠা: ৮ কলাম ১

# উন্মুক্ত ভার্সিটির মত আরও শিক্ষা প্রতিষ্ঠান দরকার ঃ ভিসি আমিনুল

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে নব-নিযুক্ত ভাইস চ্যান্সেলর অধ্যাপক ডক্টর এম আমিনুল ইসলাম দেশের জনসংখ্যার বিচারে শিক্ষা চাহিদা পূরণের জন্য উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মত আরও শিক্ষা প্রতি-ষ্ঠানের প্রয়োজনীয়তার কথা উল্লেখ করেছেন।

তিনি বলেন, ২০২৫ সাল নাগাদ দেশের বর্তমান জনসংখ্যা দ্বিগুণ হবে। বর্তমানে দেশে যতগুলো বিশ্ববিদ্যালয় রয়েছে তা দিয়ে সেই সময়ে এত ব্যাপক সংখ্যক লোকের শিক্ষা চাহিদা পূরণ করা সম্ভব হবে না। তিনি দূরশিক্ষণ ব্যবস্থা-কে আরও কার্যকর এবং জনপ্রিয় করে তোলার আহ্বান জানান।

অধ্যাপক আমিনুল ইসলাম বুধবার গাজীপুরে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের উদ্দেশে বক্তৃতা করতে গিয়ে একথা বলেন। তিনি এই বিশ্ববিদ্যালয়ের অসমাপ্ত কাজ সমাপ্ত করা এবং একে একটি আদর্শ বিদ্যাপীঠ হিসাবে গড়ে তোলার জন্য শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের নিরলসভাবে পরিশ্রম করার আহ্বান জানান।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্য বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ ডঃ আনোয়ার হোসেন, ডীন প্রফেসর শামসুল কবীর, ডীন ডক্টর শিরীন হক, রেজিস্ট্রার মোঃ মুঞ্জুর-ই-খোদা তরফদার ও এ কে এম আলমগীর। খবর বিজ্ঞপ্তির।